# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**25 APRIL 2026** **7:45—7:55 PM**

---

(১) আগামী চৌঠা মে অনুষ্ঠেয় আসাম বিধানসভার ভোটগণনা পর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য গুয়াহাটিতে আজ জেলা নির্বাচনী আধিকারিক ও রিটার্নিং অফিসারদের প্রশিক্ষণ কার্যসূচি/

(২) পশ্চিমবঙ্গ সরকার সেই রাজ্যের আন্তর্জাতিক সীমান্তে বেড়া নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি কেন্দ্রীয় সরকারকে প্রদান না করায় আসাম সহ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিও ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য/

(৩) সমগ্র বিশ্বে আজ বিশ্ব ম্যালেরিয়া এবং পশু চিকিৎসা দিবস পালিত/

(৪) কাছাড় জেলার লক্ষ্মীপুর এলাকায় বৃহৎ পরিমাণ নেশাযুক্ত দ্রব্য বাজেয়াপ্ত/

এবং

(৫) শিশুদের মধ্যে দাবা খেলার প্রতি আগ্রহ বৃদ্ধি করার উদ্দেশ্যে শিলচরে আজ থেকে সারা আসাম আন্তঃবিদ্যালয় এবং ওপেন দাবা প্রতিযোগিতা আরম্ভ/

---

আগামী চৌঠা মে অনুষ্ঠেয় আসাম বিধানসভার ভোটগণনা পর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে আজ গুয়াহাটিতে রাজ্যের সব জেলা নির্বাচনী আধিকারিক, রিটার্নিং অফিসার এবং নির্বাচনের সঙ্গে জড়িত অন্যান্য আধিকারিকদের প্রশিক্ষণ কার্যসূচি অনুষ্ঠিত হয়েছে । রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ব্যবস্থাপনায় আয়োজিত এই কার্যসূচিতে ভোটগণনা প্রক্রিয়ার সবকটি বিষয়ের সূক্ষ্ম পরিকল্পনা এবং রূপায়ণের বিভিন্ন দিক অন্তর্ভুক্ত করা হয়েছে । এই প্রশিক্ষণ কার্যসূচিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল এবং সহযোগী মুখ্য নির্বাচনী আধিকারিকগণ রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন । প্রশিক্ষণ চলাকালে মুখ্য নির্বাচনী আধিকারিক শ্রী গোয়েল নির্বাচন

কমিশনের নির্দেশনা পালন করে ভোটগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন । তিনি একইসঙ্গে  ভোটগণনা কক্ষে যেসব ব্যবস্থা গ্রহণ করতে হবে, সেই বিষয়েও আলোকপাত করেন । তিনি গণনার সময়ে ই ভি এম এবং ভি ভি প্যাট ব্যবস্থাপনার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে আধিকারিকদের নির্দেশ দিয়েছেন । আজকের প্রশিক্ষণে পোস্টাল ব্যালট এবং ই ভি এম'এর ভোটগণনা, স্ট্রং রুম খোলা এবং গণনা কর্মী ও আধিকারিক নিয়োগ এবং তাদের প্রশিক্ষণ, কাউন্টিং এজেন্টদএর পরিচয় পত্র প্রদান, অগ্নি নির্বাপক ব্যবস্থাপনা, মিডিয়া ব্যবস্থাপনা এবং ভোটগণনার কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করা সহ যাবতীয় বিষয় নিয়ে আলোচনা হয়েছে ।

পরবর্তী পর্যায়ে আগামী সোমবার থেকে জেলায় জেলায় ভোটগণনাকারী আধিকারিকদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে । ভোটগণনার সময়ে প্রতিটি গণনা টেবিলে ন্যুনতম তিনজন আধিকারিক রাখা হবে । জেলা সদরগুলিতে স্থাপন করা স্ট্রং রুমের পাশে প্রস্তুত করা প্রতিটি গণনা কক্ষের জন্য নিয়োজিত মাইক্রো অবজারভারগণ সম্পূর্ণ গণনা কার্যে উপস্থিত থাকবেন । এছাড়া পোস্টাল ব্যালট গণনা জন্য পৃথক কক্ষ থাকবে ।

-----------------------------------------------------------------------------------

আসাম ও ত্রিপুরা সরকার আর্ন্তজাতিক সীমান্ত বেড়া নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারকে প্রয়োজনীয় জমি প্রদান করেছে । কিন্তু পশ্চিমবঙ্গ এখনও সীমান্ত বেড়া নির্মাণের জন্য জমি প্রদান করেনি বলে আসামের মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ কোলকাতায় বিধানসভা নির্বাচনের প্রচারে অংশগ্রহণ করে এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন । মূখ্যমন্ত্রী বলেন যে পশ্চিমবঙ্গ ,আসাম , ত্রিপুরা ,মেঘালয় ও মিজোরামের সীমান্তসমূহের একটিও যদি খোলা থাকে এর প্রভাব দেশের অন্যান্য রাজ্যগুলিতেও পরবে । আসাম ও পশ্চিমবঙ্গে সম্প্রতি জনপরিকাঠামোর ব্যাপক পরিবর্তন সম্পর্কেও ড.শর্মা উল্লেখ করেন ।

-------- বাইট--------

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবানীর মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারনের সঙ্গে মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে মন কি বাত অনুষ্ঠানের ১৩৩ তম পর্ব । আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক সহ

আকাশবানীর ওয়েব সাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমেও শোনা যাবে । প্রধানমন্ত্রীর কার্যালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় , আকাশবাণী ও দূরদর্শনের ইউ টিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী অনুষ্ঠানটি প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করবে ।

---

প্রসার ভারতীর অর্ন্তভুক্ত আকাশবাণী মাই গভ এ্যাপ'এর সহযোগিতায় AKASHVANI@90 - ভারতের নতুন ছন্দ শীর্ষক সিগনেচার টিউন প্রতিযোগিতার আয়োজন করেছে । আকাশবানি দেশের জননসাধারণকে এই প্রতিযোগিতায় অংশগ্রহণের আহ্বান জানিয়েছে । এই প্রতিযোগিতার উদ্দেশ্য হচ্ছে- আকাশবাণীর অনন্য বিষয়বস্তু এবং শ্রোতাদের আকৃষ্ট করার মতো বিশেষ অনুষ্ঠানসমূহের জন্য মিউজিক রচনা করা । যুববাণী ও স্পোর্টস স্ক্যান অনুষ্ঠানের জন্য সিগনেচার টিউন স্পন্দনশীল ও ছন্দময় হতে হবে । পরিবার কল্যাণ এবং মহিলাদের অনুষ্ঠানের জন্য সিগনেচার টিউন মধুর এবং সবল হতে হবে । অনুরূপভাবে জাতীয় আলোচনা, সাহিত্য, সংস্কৃতি, ছবি, বিজ্ঞান, যুবভারতী ইত্যাদি অনুষ্ঠানের জন্য সংস্কৃতির সঙ্গে জড়িত এবং বৌদ্ধিক ও প্রেরণাদায়ক সিগনেচার টিউন হতে হবে। সিগনেচার টিউনের সময় কুড়ি থেকে চল্লিশ সেকেন্ডের মধ্যে হতে হবে । এবং তা কেবল বাদ্যযন্ত্রের দ্বারাই করতে হবে । কোনোধরণের গান বা হামিং'এর ব্যবহার করা যাবে না । আকাশবাণী- প্রসার ভারতী মাই গভ'এর সহযোগিতায় একটি জিঙ্গল প্রতিযোগিতারও আয়োজন করেছে ।

---

কেন্দ্রীয় সরকার অর্থনীতিবিদ অশোক কুমার লাহিড়ীকে উপাধ্যক্ষ করে নীতি আয়োগ পুর্নগঠন করেছে । তিনি বর্তমানের উপাধ্যক্ষ সুমন কে বেরি'র স্থলাভিষিক্ত হয়েছেন । সামাজিক মাধ্যমের একটি পোস্টে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একথা জানিয়ে বলেছেন যে- ভারতের নীতি নির্ধারণের মূল পরিকাঠামোয় নীতি আয়োগ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে এসেছে । তিনি একইসঙ্গে এই আয়োগ সংস্কার এবং জীবন যাপনকেও সাধারণ করে তুলেছে বলে উল্লেখ করেছেন । শ্রী মোদী নীতি আয়োগ বিভিন্ন ক্ষেত্রে উদ্ভাবন এবং দীর্ঘমেয়াদী কৌশলগত চিন্তার জন্য এক গতিশীল মঞ্চ হিসেবে করে আসছে বলে উল্লখ করেছেন । নতুনদিল্লিতে আজ নীতি আয়োগের নবনিযুক্ত উপাধ্যক্ষ অশোক কুমার লাহিড়ী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেছেন ।

---

আজ বিশ্ব ম্যালেরিয়া দিবস । প্রতি বছর ২৫শে এপ্রিল দিনটিতে পালন করা এই দিবসে ম্যালেরিয়া রোগের প্রতি সচেতনতা সৃষ্টি করার পাশাপাশি এই রোগকে নির্মূল করার জন্য চালানো বিশ্বব্যাপী প্রচেষ্টাকে শক্তিশালী করার উপর গুরুত্ব আরোপ করা হয় । এইবছরের ম্যালেরিয়া দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে- 'ম্যালেরিয়া নির্মূলের দৃঢ় সংকল্প : এখন আমরা নিতে পারি, এখন আমাদের করতেই হবে ।'

এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যে স্বাস্থ্য বিভাগের উদ্যোগে স্থানে স্থানে ম্যালেরিয়া রোগের বিরুদ্ধে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বিভিন্ন কার্যসূচি গ্রহণ করা হয়েছে ।

এদিকে সমগ্র বিশ্বে আজ বিশ্ব পশু চিকিৎসা দিবস উদযাপন করা হয়েছে । এই দিবস উদযাপনের মাধ্যমে জীব-জন্তু এবং পাখিদের উপযুক্ত যত্ন নেওয়া সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির প্রয়াস করা হয়ে থাকে । এই বছরের এই দিবসের বিষয়বস্তু হচ্ছে- 'পশুচিকিৎসক : পশুদের স্বাস্থ্য এবং খাদ্য সুরক্ষার অভিভাবক।' দেশের বিভিন্ন স্থানে আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচি গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ জেলার লক্ষীপুর থানার অর্ন্তগত দুটি স্থানে পৃথক পৃথক অভিযান চালিয়ে দুই কোটি পাঁচ লক্ষেরও অধিক মূল্যের হেরোইন উদ্ধার করা সহ এন ডি পি এস আইনের অধীনে পাঁচজন লোককে আটক করেছে । অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমার পাল জানান যে লক্ষীপুর পুলিশ থানার অর্ন্তগত বাঁশকান্দি আউটপোস্ট এলাকায় প্রথম অভিযানে ১০ টি সাবানের কেসে ৩৭৭ গ্রামেরও অধিক হেরোইন সহ একটি দেশে তৈরী পিস্তল ও চার রাউন্ড গুলী উদ্ধার করা হয়েছে । পরে আরেকটি অভিযানে ৫টি সাবানের কেসে মজুত থাকা ১৪০ গ্রামেরও অধিক হেরোইন এবং একটি মোবাইল ফোন উদ্ধর করা হয় বলেও তিনি জানান ।

---------------------------------------------------------------------------------------

সংসদে নারীশক্তি আইনের সংশোধনী- ২০২৬ বিলের বিরোধিতা করে নারীশক্তিকে অপমান করা হয়েছে বলে অভিযোগ করে বিজেপির কাছাড় জেলা মহিলা মোর্চার পক্ষ থেকে আজ এক মিছিল শিলচর শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে । কংগ্রেস এবং অন্যান্য বিরোধী দল মহিলা বিরোধী অবস্থান গ্রহণ করার অভিযোগ করে তারা আজকের এই প্রতিবাদী মিছিলে বিরোধী দলগুলি সহ বিশেষ করে কংগ্রেস দলের তীব্র সমালোচনা করেছে ।

---

এস ইউ সি আই (কমিউনিস্ট ) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে শিলচর শহরের বেহাল রাস্তাগুলি অবিলম্বে সংস্কারের দাবী জানিয়ে গতকাল কাছাড়ের জেলা আয়ুক্তের কাছে এক স্মারকপত্র প্রদান করা হয় । শিলচর ক্যাপিটেল পয়েন্ট থেকে মেডিকেল কলেজ পর্যন্ত সড়কটির বিভিন্ন স্থানে বড় বড় গর্তের সৃষ্টি হওয়ায় তীব্র যানজটের সৃষ্টি হওয়া সহ রোগীদের নিয়ে অ্যাম্বুলেন্সের যাতায়াতে সমস্যার সৃষ্টি হচ্ছে বলে কমিটির পক্ষ থেকে উদ্বেগ প্রকাশ করে স্মারকপত্র মারফৎ সড়ক নির্মাণে হওয়া দুর্নীতির এক উচ্চ পর্যায়ের তদন্তেরও দাবী জানানো হয় ।

---

শ্রীভূমি জেলার পাথারকান্দি কলেজ অফ এডুকেশনের ৩১ তম প্রতিষ্ঠা দিবস আগামীকাল নানা কার্যসূচীর মাধ্যমে পালন করা হবে । কার্যসূচীর মধ্যে রয়েছে আলোচনা সভা ,কলেজের দীর্ঘ পথচলার স্মৃতিচারণ ,সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি ।

---

শিশুদের মধ্যে দাবা খেলার প্রতি আগ্রহ বৃদ্ধি করতে শিলচরে আজ থেকে সারা আসাম আন্তঃবিদ্যালয় ও ওপেন দাবা প্রতিযোগীতা আরম্ভ হয়েছে । শিলচর দাবা একাডেমী এবং কাছাড় জেলা দাবা সংস্থার যৌথ উদ্যোগে এবং গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া বোর্ডের সহযোগীতায় শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয় প্রেক্ষাগৃহে আয়োজিত ছবি চক্রবর্তী স্মৃতি সারা আসাম আন্তঃবিদ্যালয় দাবা প্রতিযোগীতা এবং প্রমীলা গোস্বামী স্মৃতি ওপেন দাবা প্রতিযোগীতার আজ আনুষ্ঠানিক উদ্বোধন করেন শিলচর রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষ গণধীশানন্দজী মহারাজ ।

দুদিনব্যাপী এই প্রতিযোগীতায় রাজ্যের বিভিন্ন প্রান্তের বিদ্যালয় থেকে ২৩৫ জন প্রতিযোগী অংশগ্রহণ করছে । এই প্রতিযোগীতার জন্য সব বিভাগ নিয়ে মোট পুরস্কারের অর্থ হচ্ছে ২৫ হাজার টাকা ।

রাজ্যের নতুন প্রজন্মের মধ্যে দাবা খেলাকে জনপ্রিয় করে তোলা এবং প্রতিভাবান খেলোয়ারদের বের করে আনা হচ্ছে এই প্রতিযোগীতার মূল উদ্দেশ্য বলে আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---